46

দৈনিক সংবাদ

তারিখ ... 23 NOV 1997... ...
পৃষ্ঠা ১ কলাম ৫

# শিক্ষা অধিদপ্তর চিঠি আসে, জবাব মেলে না

রুকুনউদ্দৌলাহ্

যশোর এম এম বিশ্ববিদ্যালয় কলেজে মুক্তিযুদ্ধের স্মৃতি ফলক ও ভাস্কর্য নির্মাণের একটি পরিকল্পনা আমলাতান্ত্রিক জটিলতার কারণে বাস্তবায়িত হচ্ছে না।

জবাব ঃ পৃঃ ১১ কঃ ৪

## জবাব ঃ মেলে না

(১ম পৃষ্ঠার পর)

কলেজ ক্যাম্পাসে এই স্মৃতিফলক ও ভাস্কর্য নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেন বর্তমান অধ্যক্ষ প্রফেসর আফসার আলী। এ বিষয়ে কলেজ পরিচালনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ভর্তির সময় ছাত্র–ছাত্রীদের কাছ থেকে ১০ টাকা করে চাঁদা গ্রহণের মাধ্যমে তহবিল গঠন করা হয়। ইতোমধ্যে এখানে ২ লাখ ৬৭ হাজার টাকা সংগ্রহ হয়েছে। ফলক এবং ভাস্কর্যের মডেলও চূড়ান্ত করা হয়েছে। কিন্তু শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদন না পাওয়ায় পরিকল্পনা বাস্তবায়ন করা যাচ্ছে না।

এ বিষয়ে গত বছর ১৩ই অক্টোবর মহাপরিচালকের অনুমোদন চেয়ে চিঠি পাঠানো হয়। এ মাসের বেশি সময় পার হলেও কোন জবাব না পেয়ে গত বছর ২৪শে নভেম্বর আবার পত্র পাঠানো হয়। কিন্তু এর পরও পার হয় আরো ৮ মাস। কলেজ কর্তৃপক্ষ আবারো চিঠি পাঠায় গত জুলাইয়ের ১৬ তারিখে। কিন্তু বর্তমান সময় পর্যন্ত ৪ মাস পার হতে যাচ্ছে, মহাপরিচালকের দপ্তর থেকে হ্যাঁ অথবা না কোনজবাবই আসেনি।